

কম্পিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ ঘরে বসে আয় এর ষষ্ঠ পর্বে আলোচনা করা হয়েছে ঘরে বসে আয় বাড়ানোর জন্য কীভাবে উইবলিডটকম সাইট ব্যবহার করা যায় নিয়ে।

প্রথমে weebly.com এ গিয়ে আপনার নাম ই-মেইল, অ্যাড্রেস, পাসওয়ার্ড দিন এবং Sign up বাটন এ ক্লিক করুন।



এবার captcha দিন এবং ok বাটনে ক্লিক করলে। উইবলি অ্যাকাউন্ট হয়ে যাবে।

এবার আপনার ওয়েবসাইট এর টাইটেল দিন এবং এবার ক্যাটাগরি, সাব-ক্যাটাগরি সিলেক্ট করে Continue তে ক্লিক করুন।



এবার ওয়েবসাইটে ইউআরএল সিলেক্ট করুন। ওয়েবসাইটের ইউআরএল হিসেবে weebly.com এর সাব-ডোমেইন পাবেন। যেমন, আপনার ইউআরএল হবে smallbusinessa2z.weebly.com। এবার Continue বাটনে ক্লিক করুন।



এবার ওয়েবসাইট তৈরি ড্যাশ বোর্ড পাবেন। এখানে আপনার ওয়েবসাইট ডিজাইন ও কনটেন্ট ইচ্ছে মতো মডিফাই করতে পারবেন এবং আয় বাড়ানোর জন্য অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে পারবেন।

উইবলি এর ড্যাশ বোর্ডে কাজ করার জন্য টেক্সট, ইমেজ, ভিডিও ইত্যাদি যেটি প্রয়োজন সেটি উপর থেকে টেনে এনে নিচে work space এ ছেঁরে দিলেই এডিট করার অপশন পাবেন।



সেখানে আপনার কনটেন্ট অর্থাৎ টেক্সট, ইমেজ, ভিডিও, টেবল সংযুক্ত করতে পারবেন।

এভাবে প্রয়োজনীয় কনটেন্ট যুক্ত করে ওয়েবসাইট তৈরি করে পাবলিশ বাটনে এ ক্লিক করে পাবলিশ করুন।

ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-৭

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন



এবার আয় বাড়ানোর গুগল অ্যাডসেন্স অ্যাকাউন্টকে যুক্ত করতে হবে। এর জন্য গুগল অ্যাডসেন্স লেখা আইকনটি টেনে এনে work space এ ছেড়ে দিন।

এবার আপনার ও already have an adsense account বাটনটি select করুন এবং AdSense এর ই-মেইল অ্যাড্রেস দিয়েও Accept এ ক্লিক করুন।



Adbrite.com

ইন্টারনেটে অর্থ উপার্জনের জন্য আরেকটি জনপ্রিয় সাইট হচ্ছে Adbrite.com এর মাধ্যমে অর্থ উপার্জন করতে পারবেন। এটি একটি PPC সাইট। এখান থেকে ব্লগ বা ওয়েবসাইটে বিভিন্ন ধরনের অ্যাড প্রদান করা হবে। এই বিজ্ঞাপনে যদি ব্লগ বা ওয়েবসাইটের কোন ভিজিটর ক্লিক করেন তাহলে আপনার একউন্টে টাকা জমা হবে। এই সাইটে রেজিস্ট্রেশন করা এবং টাকা আয় করার পদ্ধতি পর্যালোচনা করে বর্ণিত হলো।

ব্রাউজারে www.adbrite.com লিখে এন্টার চাপলে তাহলে Adbrite এর হোমপেজটি দেখা যাবে। এখান থেকে রেজিস্ট্রেশন করতে For Publishers এ ক্লিক করুন।



এবার রেজিস্ট্রেশন পেজে প্রয়োজনীয় তথ্য দিয়ে Describe your site এ ক্লিক করুন।

এবার CREATE AN AD ZONE ON YOUR SITE এ ক্লিক করে পরবর্তী পেজে ইচ্ছেমত অ্যাড মডিফাই করতে পারবেন।



Set Ad Specs এ ক্লিক করে পরবর্তী পেজে ইচ্ছেমত পরিবর্তন করুন।

এবার পরবর্তী পেজে ওয়েবসাইটের তথ্যগুলো দিয়ে এক্সেস করুন। আপনার সাইটের নাম, সাইট অ্যাড্রেস, কোথায় অফ বসাবেন, ডেস্ক্রিপশন কীওয়ার্ড লিখে ক্যাটাগরি নির্বাচন করুন এবং সেকেন্ডারি ক্যাটাগরি নিন।

এবার Set Pricing এ ক্লিক করে তা No রেখেই Get code এ ক্লিক করলে অ্যাকাউন্টটি ওপেন হবে। কোডটি আপনার ব্লগ সাইটে, ওয়েবসাইট অথবা অ্যাটিকেল সাইটে পেস্ট করে দিলে আপনার সাইটে অ্যাডটি দেখা যাবে এবং এই অ্যাড ভিজিটরস এ ক্লিক করলে অ্যাকাউন্টে এ টাকা জমা হবে।

ড্যাশবোর্ড থেকে আপনার আয় সম্পর্কে জানতে পারবেন।



Manage ad zone থেকে অ্যাড মডিফাই এবং অ্যাডের অন্য নতুন জোন তৈরি পারবেন।

Earnings থেকে আপনি আয় দেখতে পারেন, আপনার উত্তলনের অংক এবং চেকে প্রাপকের নাম পরিবর্তন করতে পারবেন।



এ সাইটটি সম্পর্কে আরও বেশি জানতে Help এ ক্লিক করুন।

আপনার ওয়েবসাইট বা ব্লগ সাইটে যদি ভালো ভিজিটর পেয়ে থাকেন, তাহলে Adbrite দিয়ে অনেক টাকা আয় করতে পারবেন।

ফিডব্যাক : mentorsystems@gmail.com